

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং- ০৭

জ্যৈষ্ঠ ২৩, ১৪১৮ বাং  
তারিখ :-----  
জুন ০৬, ২০১১ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারিকৃত জুন ০৩, ২০০৩ তারিখের সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। হিমায়িত মৎস্য রপ্তানি বৃদ্ধি এবং মৎস্য চাষ ও প্রক্রিয়াকরণ শিল্পের বিকাশের লক্ষ্যে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের নিমিত্তে সরকার কর্তৃক বর্তমানে প্রযোজ্য সর্বোচ্চ এফওবি মূল্যের সিলিং/সীমা ২৫% বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদপ্রেক্ষিতে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রদানের নিমিত্তে ইউনিট প্রতি (পাউন্ড) এফওবি মূল্যের সিলিং/সীমা নিম্নোক্তভাবে সংশোধন করা হলোঃ

হিমায়িত মাছের নাম	সর্বোচ্চ এফওবি মূল্য
১। চিংড়ি	মাঃডঃ ৪.৭৪
২। অন্যান্য মাছ	মাঃডঃ ১.৩৮

০৩। সংশোধিত সিলিং/সীমা এপ্রিল ০১, ২০১১ হতে জুন ৩০, ২০১১ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৪। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জহিরুল হক)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫